



বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

প্রশাসন শাখা

www.blri.gov.bd

সাভার, ঢাকা-১৩৪১

নম্বর: ৩৩.০৫.২৬৭২.২০১.০২.০০২.২১.৪৩৭

তারিখ: ১২ পৌষ ১৪২৮

২৭ ডিসেম্বর ২০২১

অফিস আদেশ

সুশাসন প্রতিষ্ঠা ও বর্তমান সরকারের নাগরিকবান্ধব সেবা নিশ্চিত করার অঙ্গিকার পূরণের লক্ষ্যে সকল সরকারি দপ্তরে প্রণয়ন করা হয়েছে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)। বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) সাধারণ নাগরিক, অন্যান্য প্রতিষ্ঠান ও ইনস্টিটিউটের কর্মরতদের জন্য প্রতিশ্রুত সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রদানে অঙ্গিকারাবদ্ধ। নির্ধারিত সময়ের মধ্যে সেবাসমূহ প্রদান করা হচ্ছে কি না তা পর্যবেক্ষণপূর্বক নিয়মিতভাবে প্রতিবেদন প্রদানের বিষয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে এবং বিষয়টি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এমতাবস্থায়, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী এই ইনস্টিটিউট প্রতিশ্রুত সেবাসমূহ সঠিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করছে কি না তা নিশ্চিত করতে সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট বিভাগ/শাখা/আঞ্চলিক কেন্দ্রসমূহকে সেবা প্রদানের তথ্য দাপ্তরিক রেজিস্ট্রার খাতায় সংরক্ষণ করতে এবং সেবা প্রদানের প্রতিবেদন মাসিকভিত্তিতে মহাপরিচালক বরাবর প্রেরণের লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ

- ১) সেবা প্রদান প্রতিশ্রুতি
- ২) সেবা প্রদান প্রতিবেদনের নমুনা কপি

২৭-১২-২০২১

ড.এস এম জাহাঙ্গীর হোসেন

মহাপরিচালক (চলতি দায়িত্ব)


ফোন: +৮৮ ০২ ২২৪৪৯১৬৭৬

ফ্যাক্স: +৮৮ ০২ ২২৪৪৯১৬৭৫

ইমেইল: dg@blri.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) সকল বিভাগীয় প্রধান, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ২) সকল প্রকল্প পরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৩) বিএলআরআই এর আঞ্চলিক কেন্দ্রের সকল স্টেশন ইন-চার্জগণ
- ৪) সকল কর্মকর্তা, সেবা ও সহায়তা বিভাগ, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৫) উর্ধ্বতন প্রশিক্ষণ কর্মকর্তা, প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৬) ট্রান্সপোর্ট সুপারভাইজার, যানবাহন শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৭) পিএ, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৮) উচ্চমান সহকারী, প্রশাসন শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট



২৭-১২-২০২১

মোঃ আজহারুল আমিন
অতিরিক্ত পরিচালক